দৈনিক বাংলা

তারিখ ... ৩০।৬।৮৩ ...
পৃষ্ঠা ... ... ৫ ... কলাম ... ৩ ...

003

জনমত

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

ঢাকা জেলার বিক্রমপুরের শ্রীনগর থানা কেন্দ্রে ১৯৭০ সালে শ্রীনগর কলেজ স্থানীয় সুধীবৃন্দের উদ্যোগে প্রতিষ্ঠিত হয়। ১৯৭২ সালে ঢাকা শিক্ষা বোর্ড কলেজটির এ্যাফিলিয়েশন প্রদান করেন। এবং সে বৎসরই বোর্ড এ কলেজে উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র ও আইএসসি খোলার অনুমতি প্রদান করেন। ১৯৭৩ সালে শ্রীনগর কলেজে বিএ ও বিকম ক্লাসে ছাত্রছাত্রী ভর্তি করা হয়। এই ছাত্রছাত্রীদের মুন্সীগঞ্জ হরগঙ্গা কলেজের মাধ্যমে ১৯৭৫ সালের ডিগ্রী পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রদান করেন। এরপর থেকে হরগঙ্গা কলেজের মাধ্যমেই শ্রীনগর কলেজের ডিগ্রীর ছাত্রছাত্রীরা পরীক্ষা দিয়ে আসছে। কিন্তু ১৯৮১ সালে হরগঙ্গা কলেজ সরকারী কলেজ হয়ে যাওয়ায় এ কলেজের মাধ্যমে শ্রীনগর কলেজের ছাত্রছাত্রীদের পরীক্ষা দেওয়া সম্ভব হচ্ছে না। তাই ১৯৮২ সালে ঢাকার সোহরাওয়ার্দি কলেজ ও চলতি বছর (১৯৮৩) ঢাকার শেখ বোরহান-উদ্দিন কলেজের মাধ্যমে শ্রীনগর কলেজের ছাত্রছাত্রীদের ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করতে হচ্ছে। এর কারণ হচ্ছে শ্রীনগর কলেজের ডিগ্রীর এ্যাফিলিয়েশন নেই। গত বছর ডিগ্রীর এ্যাফিলিয়েশন চেয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজসমূহের পরিদর্শক সাহেবের বরাবরে আবেদন করা হয়েছে। কিন্তু আজ পর্যন্ত শ্রীনগর কলেজকে ডিগ্রীর এ্যাফিলিয়েশন দেওয়া হয়নি। অথচ একটি পূর্ণাঙ্গ ডিগ্রী কলেজের যাবতীয় বৈশিষ্ট শ্রীনগর কলেজের রয়েছে। কলেজের পরিবেশক, নিজস্ব জমি, ছাত্রাবাস, শিক্ষক নিবাস, ক্লাসকক্ষ, প্রশাসনিক ভবন, আসবাবপত্র, ছাত্রছাত্রী ও শিক্ষক সংখ্যা, লাইব্রেরী, তহবিল ইত্যাদি সবকিছুই একটি ডিগ্রী কলেজের উপযোগী। তাছাড়া মুন্সীগঞ্জ মহকুমার বেসরকারী কলেজের মধ্যে একমাত্র শ্রীনগর কলেজেই ডিগ্রী পড়ানো হয়। এর পরেও এ কলেজে ডিগ্রীর এ্যাফিলিয়েশন না পাওয়ার কোন কারণ আমাদের জানা নেই। অথচ এমন অনেক কলেজকে ইতিপূর্বে এ্যাফিলিয়েশন দেওয়া হয়েছে যেগুলির অবস্থা সব দিক থেকেই শ্রীনগর কলেজের চেয়ে খারাপ। এছাড়া, ডিগ্রীর এ্যাফিলিয়েশন পাওয়ার সকল পূর্বশর্ত শ্রীনগর কলেজ কর্তৃপক্ষ মেনে নিতে প্রস্তুত আছেন। আগামী ১লা জুলাই শ্রীনগর থানা আপ-গ্রেডেড হচ্ছে। এর মধ্যেই শ্রীনগর কলেজকে ডিগ্রীর এ্যাফিলিয়েশন দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট আবেদন জানাচ্ছি।

জয়নুল আবেদীন
প্রাক্তন সহ-সভাপতি
ছাত্রসংসদ, শ্রীনগর কলেজ
শ্রীনগর, ঢাকা।